# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 30 June, 2025

অভিনেত্রী মেহজাবীনের ছোট বোন মালাইকা ধীরে ধীরে জমিয়ে নিচ্ছেন তার অভিনয় যাত্রা। শুরু করেছিলেন মডেলিং দিয়ে, এখন একে একে নাটকে অভিনয় করে দর্শকের নজর কাড়ছেন। সর্বশেষ 'অনুতপ্ত' নামে একটি পারিবারিক গল্পনির্ভর নাটকে অভিনয় করেছেন তিনি, যেখানে তার সহশিল্পী পার্থ শেখ।

নাটকটি রচনা ও পরিচালনা করেছেন কেএম সোহাগ রানা এবং প্রযোজনায় রয়েছেন রাজ। ঢাকার বিভিন্ন লোকেশনে এর শুটিং শেষ হয়েছে, শিগগিরই ইউটিউবে মুক্তি পাবে নাটকটি।

মালাইকার মতে, "জুলাইয়ে আসছে বিশেষ কিছু।"

এর আগে তাকে 'সন্ধিক্ষণ' ও 'ক্ষতিপূরণ' নাটকে দেখা গেছে।

মালাইকা মেহজাবীন অনুতপ্ত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 01:51

URL: https://www.timestodaybd.com/entertainment/3943803459